সমকাল

তারিখ ... 03 FEB 2015 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ......

মাস্টার্স শেষ পর্ব

# ভর্তি হতে পারেননি দুই সহস্রাধিক শিক্ষার্থী

■ সমকাল প্রতিবেদক

কলেজের ভুলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন দেশের বিভিন্ন কলেজের ২০১৩-১৪ মাস্টার্স শেষ পর্বে ভর্তিচ্ছু প্রথম মেধা তালিকার দুই হাজারের অধিক শিক্ষার্থী ভর্তি হতে পারেননি। এতে তাদের শিক্ষাবর্ষ নষ্ট হওয়ার শঙ্কা তৈরি হয়েছে। এ কারণে ভর্তির সময় বর্ধিত করার দাবি জানিয়েছেন তারা। গতকাল সোমবার জাতীয় প্রেস ক্লাবের সামনে ঢাকা কলেজের মাস্টার্সের শেষ পর্বের শিক্ষার্থীদের উদ্যোগে আয়োজিত এক মানববন্ধনে এ দাবি করা হয়।